# বগুড়া উপনির্বাচনের আগে প্রধানমন্ত্রীর সফর স্থগিত



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

উপনির্বাচনকে সামনে রেখে ১০ মার্চের ফ্যামিলি কার্ড বিতরণের প্রধানমন্ত্রী সফর স্থগিত করা হয়েছে। জেলা প্রশাসক তৌফিকুর রহমান ও জেলা বিএনপির সভাপতি রেজাউল করিম বাদশা বিষয়টি নিশ্চিত করেছেন।

জেলা বিএনপির সভাপতি বলেন, নির্বাচনী আচরণবিধি মেনে চলার জন্য সফর স্থগিত করা হয়েছে। জেলা প্রশাসক জানান, নতুন তারিখ পরে জানানো হবে।

প্রসঙ্গত, প্রধানমন্ত্রী তারেক রহমান গত ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ সংসদ নির্বাচনে বগুড়া-৬ ও ঢাকা-১৭ আসনে জয়ী হন। বগুড়া-৬ আসন শূন্য ঘোষণা হওয়ায় ৯ এপ্রিল উপনির্বাচন অনুষ্ঠিত হবে। বিএনপি থেকে রেজাউল করিম বাদশা প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

LENS ASIA